# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**25 JULY 2026** **7:35—7:40 AM**

আসাম বিধানসভার চলতি বাজেট অধিবেশনে গতকাল বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়েছে ।বন্যার পরিপ্রেক্ষিতে যোরহাট , শিবসাগর এবং চরাইদেও জেলার জন্য অতিরিক্ত পুঁজি মঞ্জুর করা হয়েছে ।কংগ্রেস বিধায়ক জাকির হুসেন শিকদারের এক পরিপূরক প্রশ্নের উত্তরে রাজ্যের দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের মন্ত্রী কেশব মহন্ত একথা জানান ।মন্ত্রী জানান যে যোরহাট জেলার জন্য অতিরিক্ত ১ কোটি এবং শিবসাগর ও চরাইদেও জেলার জন্য চার কোটি টাকা করে মঞ্জুর করা হয়েছে ।জেলাগুলোতে অতিরিক্ত খাদ্য সামগ্রী বন্টন করা হয়েছে বলেও মন্ত্রী জানান ।রাজ্যের ভূমি হীন লোকেদের শীঘ্র বিভিন্ন জেলার চর অঞ্চলে রাজ্য সরকার জমির পাট্টা প্রদান করবে বলে মন্ত্রী শ্রী মহন্ত জানান ।এরজন্য আসাম ভূমি নীতি ২০১৯ এর সংশোধন করা হবে বলেও তিনি জানান ।বিরোধী দলপতি ওয়াজেদ আলী চৌধুরী , কংগ্রেস বিধায়ক নুরুল হুদা এবং আব্দুর রহিম আহমেদের উত্থাপন করা একটি সংকল্প প্রস্তাবের উত্তরে মন্ত্রী কেশব মহন্ত একথা জানান ।পরে বিধানসভার অধ্যক্ষ রঞ্জিত দাস আগামী ২৭ শে জুলাই সকাল সাড়ে ৯ টা পর্যন্ত সভা স্থগিত ঘোষণা করেন ।

---------------------------------------------------------------------------------------

নীট-ইউ জি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনার পর এন টি এ এবং কেন্দ্রীয় সরকার কি কি সংস্কারমূলক পদক্ষেপ গ্রহণ করেছে সে ব্যাপারে সুপ্রীম কোর্ট উভয়কে হলফনামা দাখিল করার নির্দেশ দিয়েছে । বিচারপতি পি এস নরসিমা এবং বিচারপতি অলোক আরাধের ডিভিশন ব্যাঞ্চ এই সংক্রান্ত মামলার শুনানী গ্রহণ করে বলেছেন যে হলফনামায় শুধুমাত্র সাময়িক বা তাৎক্ষণিক পদক্ষেপের কথা নয় , কি কি দীর্ঘমেয়াদী সংস্কার নেওয়া হচ্ছে তারও বাখ্যা থাকতে হবে । ব্যাঞ্চ জানিয়েছে যে তারা অত্যন্ত নিবিড়ভাবে বিষয়টি পর্যবেক্ষণ করবে এবং নিয়মিতভাবে এর অগ্রগতি খতিয়ে দেখবে । সম্পূর্ণভাবে অন-লাইন পদ্ধতিতে পরীক্ষা গ্রহণের জন্য কি কি পদক্ষেপ নেওয়া হচ্ছে সে বিষয়েও শীর্ষ আদালত কেন্দ্রের কাছে জানতে চেয়েছে । কেন্দ্রীয় সরকারের পক্ষে

সলিসিটর জেনারেল তুষার মেহতা জানিয়েছেন যে ছাত্র ছাত্রীদের সমস্যা সমাধানে সরকার সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রেখেছে । আদালতের সামনে একটি সামগ্রিক চিত্র অথবা একটি পূর্ণাঙ্গ পরিকল্পনা তুলে ধরার জন্য তিনি কিছুটা সময় চেয়ে নিয়েছেন । আগামী ২৭ জুলাই শুনানির পরবর্তী দিন ধার্য করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় সরকারী প্রকল্পের পরিকাঠামোগত উন্নয়ন এবং বিভিন্ন বিভাগের কাজের অগ্রগতির বিষয় নিয়ে গতকাল জেলা আয়ুক্ত জয় বিকাশের পৌরহিত্যে এক জেলা উন্নয়ন কমিটির এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়েছে ।বৈঠকে জেলা আয়ুক্ত শ্রী বিকাশ বিভাগগুলোকে তাদের প্রশাসনিক দক্ষতা বৃদ্ধি করতে , স্থানীয় উদ্যোক্তাদের উৎসাহিত করতে এবং জনসেবা সঠিকভাবে পৌঁছে দিতে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ নির্দেশ দেন ।বৈঠকে তথ্যের ভিত্তিতে জবাবদিহি নিশ্চিত করতে , বিভাগীয় প্রধানদের কার্যক্ষমতার তথ্য গুরুত্ব সহকারে সংগ্রহ করতে বলা হয়েছে । পাশাপাশি বাস্তবমুখী উন্নয়ন নজরে রাখতে পরবর্তী বৈঠকে কাজের পরিমাপযোগ্য ও পর্যায়ক্রমিক অগ্রগতির তথ্য দাখিল করার নির্দেশ দেওয়া হয়েছে । স্থানীয় যুবসমাজকে অনুপ্রাণিত করতে এবং স্বনির্ভর সংস্কৃতি গড়ে তুলতে বিভিন্ন স্বনির্ভর প্রকল্পে সাফল্য লাভ করা সুবিধাভোগীদের চিহ্নিত করে তাদের সাফল্যের গল্প সামাজিক মাধ্যমে তুলে ধরার নির্দেশ দেওয়া হয়েছে ।সভায় জেলা আয়ুক্ত বহুমুখী প্রকল্পগউলোর কাজকর্মে যাতে কোন বাধা না আসে তারজন্য প্রশাসনিক বিলম্ব দ্রুত দূর করতে বিভাগীয় সমন্বয় রক্ষা বজায় রাখার পরামর্শ দেন ।স্কুল একত্রিকরণের ফলে ফাঁকা পরে থাকা ভবনগুলোর পূর্ণাঙ্গ তালিকা তৈরী করা , প্রকৃত আবেদনকারীদের চিহ্নিত করে সরকারী ঋণ দেওয়ার পরিধি বৃদ্ধি করারো নির্দেশ দেন ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমির জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী গতকাল চরগোলা মডেল হাসপাতাল পরিদর্শন করেন । পরিদর্শনকালে জেলা আয়ুক্ত হাসপাতালের বিভিন্ন বিভাগ ঘুরে দেখে স্বাস্থ্য পরিষেবার মান , চিকিৎসা পরিকাঠামো , ঔষধের প্রাপ্যতা পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং রোগীদের জন্য প্রদত্ত পরিষেবার সার্বিক পরিস্থিতি পর্য্যালোচনা করেন । এছাড়াও জেলা আয়ুক্ত চিকিৎসক , স্বাস্থ্যকর্মী ও সংশ্লিষ্ট কর্মী ও আধিকারীকদের সঙ্গে মত বিনিময় করে স্বাস্থ্য পরিষেবাকে আরো উন্নত , কার্যকর ও জনবান্ধব করে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় দিক নির্দেশনা করেন ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় যূব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রকের অধীন মেরা যুবা ভারত শ্রীভূমি জেলা শাখার উদ্যোগে গতকাল শ্রীভূমি বঙ্গভবনে নেশা মুক্ত যুবা ফর বিকশিত ভারত অভীযানের অংশ হিসেবে জেলা স্তরের সাংস্কৃতিক প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে । অনুষ্ঠানে মাদক বিরোধী সচেতনতার বার্তা তুলে ধরা হয় এবং অংশগ্রহনকারী যুবকদের দেশ গঠনে ইতিবাচক ভূমিকা পালনের আহ্বান জানানো হয়েছে ।
প্রাক্তন সাংসদ মিশন রঞ্জন দাস অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ।

----------------------------------------------------------------------------------------

কাছাড় জেলায় অবৈধ অনুপ্রবেশ  এবং গবাদি পশুর পাচার প্রতিরোধে জেলা ম্যাজিষ্ট্রেট ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে বেশ কিছু বিধি নিষেধ জারী করেছেন । জেলা ম্যাজিষ্ট্রেটের জারী করা নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে ভারত-বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্ত এলাকার এক কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে  সূর্যাস্ত থেকে সূর্যদয় পর্য্যন্ত জনসাধারন চলাফেরা করতে পারবেন না । এছাড়া সুরমা নদীতে মাছ ধরতে হলে কাটিগড়ার চক্র আধিকারীক থেকে আগাম অনুমতি নিতে হবে । বিজ্ঞপ্তিতে আরো বলা হয়েছে যে সূর্য্যাস্ত থেকে সূর্যদয়ের মধ্যে কোন ব্যাক্তি ঠেলা, রিক্সা দিয়ে চাল , চিনি , গম ,কেরোসিন নিয়ে পরিবহন করতে পারবেন না । রাজ্য ও কেন্দ্র সরকারের কর্মচারীদের ক্ষেত্রে এই নির্দেশ প্রযোজ্য হবে না । আগামী দু মাসের জন্য এই নির্দেশ বলবৎ থাকবে বলে জানানো হয়েছে ।

----------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং দেওয়ান গ্রুপ অফ টি ইস্টেটের ব্যবস্থাপনায় আগামী ২৯শে জুলাই লাবক সেন্ট্রাল হাসপাতালে বিনামূল্যে চোখের ছানী সানক্তকরন শিবির অনুষ্টিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

----------------------------------------------------------------------------------------